গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রনালয়
বিধি শাখা-৪ ।
============

নং-স ( বিধি-৪)৭৩৪/৮০-অংশ-২৮ তারিখ- ২৪-৩-১৯৮৪ ইং

## স্মারক লিপি

বিষয়ঃ স্বাস্থ্যগত কারনে কোন সরকারী কর্মচারী/কর্মকর্তা ৭ দিনের বেশী ছুটি উপভোগ করিতে চাহিলে হাসপাতালে ভর্তি হওয়া বাধ্যতামূলক করণ প্রসংগে।

উপরোক্ত বিষয়ে এই মন্ত্রণালয়ের ২৯-৬-৮৩ ইং তারিখের ইডি( বিধি-৪)-১৬৪/৮০-৬২ এবং ১৮-৮-৮৩ তারিখের ইডি( বিধি-৪)-১৬৪/৮০-৮৫ নং বিজ্ঞপ্তির অনুবৃত্তিক্রমে নিম্ন স্বাক্ষরকারী জানাইতে আদিষ্ট হইয়াছে যে বিষয়টির উপর কতিপয় মন্ত্রণালয়/ বিভাগ/সংস্থা কর্তৃক উত্থাপিত বিভিন্ন সমস্যাবলীর উপর বিশদভাবে বিবেচনার পর সরকার সিদ্ধান্ত গ্রহন করিয়াছেন যে নীতিগত ভাবে ৭ দিনের বেশী কোন সরকারী কর্মচারী/কর্মকর্তা স্বাস্থ্যগত কারনে হাসপাতালের বাহিরে ছুটি উপভোগ করিতে পারিবেন না। তবে যদি হাসপাতালে সিটের অভাবে ভর্তি না হওয়া যায় সেই ক্ষেত্রে ইহা সরকারের বিবেচনার জন্য নিকটবর্তী হাসপাতাল কর্তৃপক্ষের নিকট হইতে, সিট নাই এই মর্মে একটি প্রত্যয়ন পত্র পেশ করিতে হইবে এবং এই প্রত্যয়ন পত্রে রোগের বর্ণনা এবং বিশ্রামের মেয়াদ সু-নির্দিষ্ট ভাবে উল্লেখ থাকিতে হইবে।

২। হৃদরোগের মত বিশেষ ক্ষেত্রে ডাক্তারের পরামর্শে ঘরে বিশ্রাম নেওয়ার বিষয়টিও বিবেচনা করা যাইতে পারে। কারণ ইহা দীর্ঘ ও গুরুতর স্বাস্থ্যগত বিষয়। এই সব ক্ষেত্রে ঘরে বিশ্রাম নেওয়ার জন্য ডাক্তারী পরামর্শ ছুটির আগেই নিতে হইবে এবং উক্ত ডাক্তারী পরামর্শে রোগের বর্ণনা ও গুরুত্ব এবং বিশ্রামের মেয়াদ ও প্রয়োজনীয়তা সম্বন্ধে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ থাকিতে হইবে।

৩। এই ধরনের স্বাস্থ্যগত কারণে ছুটি সংশ্লিষ্ট ব্যক্তির প্রাপ্য অর্জিত অথবা নৈমিত্তিক ছুটি হইতে কর্তন করা হইবে।

৪। উপরোক্ত সিদ্ধান্ত সংশ্লিষ্ট সকলকে জানাইয়া দেওয়ার জন্য অনুরোধ করা হইল।

স্বা/- মোঃ শফিউদ্দিন,
২৪-৩-৮৪
উপ - সচিব(বিধি)
ফোনঃ ২৩০০০/২২৯৩

নং-সম( বিধি-৪)-৭৩৪/৮০-অংশ-২৮/১(৫০০) তারিখঃ ২৪-৪-১৯৮৪ ইং

অনুলিপি স্বরাষ্ট্র মন্ত্রনালয়। অবগতি এবং তাহাদের অধীনস্থ সকল অফিস/ সংস্থাকে জানাইবার জন্য প্রেরন করা হইল। ... ...

স্বা/- এ, বি, মোল্লা,
শাখা প্রধান
ফোনঃ৩৭৫০
২৪/৪/৮৪

"জরুরী"

-১এম-৫৪/৮৩/৩৫৪(৬০)-স্বঃমঃ(প্রঃ) তারিখ- ১০-৫-১৯৮৪ ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হইল :-

১। মহা কারা পরিদর্শক, বাংলাদেশ, ঢাকা।

... ...

শাখার ৩-৮-৮৩ ইং তারিখের নং -১১৫৬(৫৫)- স্বঃমঃ (প্রশাসন)৩১-৮-৮৩ ইং তারিখের ২সি-২/৮৩/১২৯৫/১(৫০)-স্বঃমঃ(প্রঃ) অনুলিপি পত্রের অনুসরনে প্রেরিত হইল।

স্বা/- এম, এ, আজিজ,
শাখা প্রধান
স্বরাষ্ট্র মন্ত্রনালয়, ঢাকা
ফোনঃ ২৩৫১১১/৩৩৩৭

R ৪২২৭৪
২০/৪/৯৮



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা ।

স্মারক নং পিডি/ইটি-৩/৮/৩৯৭ (৮৪)

তারিখ: ১৩ এপ্রিল'৯৮ইং ।
৩০ চৈত্র'১৪০৪ ।

প্রেরক : ব্রিগেডিয়ার মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
কারা মহা পরিদর্শক ।

প্রাপক : ১। কারা উপ মহা পরিদর্শক,
সকল বিভাগ ।

২। সিনিয়র তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয় কারাগার ।

৩। তত্ত্বাবধায়ক
সকল জেলখানা কারাগার ।

বিষয় : চিত্তবিনোদন ছুটি যথা সময়ে মঞ্জুর/ভোগ করা প্রসংগে ।

ইদানিং লক্ষ্য যাইতেছে যে, অনেক কারা কর্মকর্তা/কর্মচারী তাহাদের চিত্তবিনোদন ছুটি পাওনা হইবার পর যথা সময়ে উহা ভোগ না করিয়া একাধিক বারের পাওনাকৃত চিত্তবিনোদন ছুটি স্বল্প সময়ের ব্যবধানে ভোগ করার জন্য পর পর আবেদন করিতে থাকেন । বিধি অনুযায়ী চিত্ত বিনোদনের প্রথম আবেদনের তারিখ হইতে ৩(তিন) বছর পর পর উক্ত ছুটি পাওনা হয় । যে বৎসর চিত্ত বিনোদন ছুটি পাওনা হয় সেই বৎসরে উক্ত ছুটি ভোগ না করায় একদিকে যেমন বাজেট বরাদ্দের ক্ষেত্রে অহেতুক সমস্যার সৃষ্টি হয় অন্যদিকে তেমনি কে কতবার চিত্তবিনোদন ছুটি ভোগ করিয়াছে উহার সঠিক হিসাব রাখাও দুস্কর হইয়া পড়ে । ফলশ্রুতিতে অসৎ কর্মকর্তা/কর্মচারী কর্তৃক পাওনা ছুটির অতিরিক্ত চিত্তবিনোদন ছুটি ভোগ করারও সম্ভাবনা থাকে যাহা কাহারও কাম্য নহে ।

অতএব, উপরোক্ত অবস্থার প্রেক্ষাপটে কারা কর্মকর্তা/কর্মচারীদের চিত্তবিনোদন ছুটির প্রথম আবেদনের তারিখ হইতে ৩(তিন) বৎসর পর পর বিধি অনুযায়ী যথা সময়ে পাওনাকৃত চিত্তবিনোদন ছুটি মঞ্জুরের জন্য কারা অধিদপ্তরে (যাহাদের নিয়োগকর্তা কারা মহা পরিদর্শক) প্রেরন এবং যে বৎসরে চিত্তবিনোদন ছুটি পাওনা হইবে সেই বৎসরে উক্ত ছুটি মঞ্জুরী সাপেক্ষে ভোগ নিশ্চিৎ করার জন্য আপনাকে অনুরোধ করা যাইতেছে । উল্লেখ্য, গ্রহনযোগ্য কোন বিশেষ কারণ ব্যতীত এক অর্থ বৎসরে পাওনাকৃত চিত্তবিনোদন ছুটি অন্য অর্থ বৎসরে মঞ্জুর করা হইবে না ।

উপরোক্ত সিদ্ধান্তের অধীনস্থ সকল কারা কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করতঃ স্মারকটির প্রাপ্তি স্বীকার করারও আপনাকে অনুরোধ করা যাইতেছে ।

(স্বাক্ষর) ১৩/৪/৯৮

মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
ব্রিগেডিয়ার
কারা মহা পরিদর্শক ।
ফোন : ৯৫ ৬৫ ৭৮ ৩ (দপ্তর) ।

অঃ পৃঃ দ্রঃ

৭০৯
১১/১০/০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা ।

স্মারক নং পিডি/আইম/ইটি-২/২০০৬/ ৮৩৭ (৭০) তারিখঃ-০৮/১০/২০০৬ ইং

প্রেরকঃ- কারা মহা পরিদর্শক,
বাংলাদেশ, ঢাকা ।

প্রাপকঃ- ১। কারা উপ-মহা পরিদর্শক
সকল বিভাগ ।

২। সিনিয়র তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয় কারাগার ।

৩। তত্ত্বাবধায়ক,
সকল জেলা কারাগার ।

বিষয়ঃ- চিত্তবিনোদন ছুটির প্রস্তাবের সহিত চাকুরী বহি প্রেরণ না করণ প্রসংগে ।

পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত চিত্তবিনোদন ছুটির প্রস্তাবের সহিত চাকুরী বহি কারা অধিদপ্তরে প্রেরণ না করার জন্য অনুরোধ করা হলো ।

০৮/১০/০৬
( মোঃ আজমল হোসেন )
সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহা পরিদর্শক ।

স্মারক নং পিডি/আইম/এমইটি-২/২০০৬/৮৩৭/১(৭) তারিখঃ- /১০/২০০৬ ইং ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ।

১। সহকারী কারা মহা পরিদর্শক (সকল) কারা অধিদপ্তর, ঢাকা ।

২। প্রশাসনিক কর্মকর্তা, কারা অধিদপ্তর, ঢাকা ।

৩। ভারপ্রাপ্ত সহকারী প্রশাসন/সংস্থাপন-২/সংস্থাপন-১ ( ২য় শ্রেনী) শাখা, কারা অধিদপ্তর, ঢাকা ।

০৮/১০/০৬
( মোঃ আজমল হোসেন )
সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহা পরিদর্শক ।

খা, আমীন,
---------ং*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং পিডি/সঃ-২/বিবিধ-১/২০০৯/ ৩৮১(৭০) তারিখ- ২৭ -৬-২০০৯ খ্রিঃ

প্রেরক ঃ কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।

প্রাপক ঃ ১। কারা উপ মহা পরিদর্শক
সকল বিভাগ, সকল সদর দপ্তর।

২। সিনিয়র তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয় কারাগার।

৩। তত্ত্বাবধায়ক
সকল জেলা কারাগার।

বিষয় ঃ **বদলী, ছুটি ও বিভিন্ন কারণে কারা কর্মকর্তা/কর্মচারীদের বিনা অনুমতিতে কর্মস্থল হতে অনুপস্থিত থাকা প্রসংগে।**

১। প্রায়শঃ লক্ষ্য করা যাচ্ছে যে কারা কর্মকর্তা/কর্মচারীগণ ছুটি ও বদলী জনিত ছুটি ভোগের পরও কৃর্তপক্ষের বিনা অনুমতিতে অতিবাস করে থাকেন যা বিধি বিধানের পরিপন্থি ও শাস্তি যোগ্য অপরাধ। ইহাতে প্রশাসনিক কার্যক্রম দারুনভাবে ব্যাহত হচ্ছে এবং দৈনন্দিন কার্যক্রমে জটিলতার সৃষ্টি হচ্ছে। সুষ্ঠু কারা প্রশাসন অব্যাহত রাখার স্বার্থে এ ধরণের প্রবনতা বন্ধ করা অপরিহার্য বিধায় এখন থেকে বদলি জনিত কারণে কর্মমুক্ত ও ছুটিতে গমনকারী সকল কর্মকর্তা/কর্মচারীকে যথাসময়ে কাজে যোগদানের নির্দেশ দিতে অনুরোধ করা হ'ল।

২। অতএব, বিনা অনুমতিতে কোন কর্মকর্তা/কর্মচারী অনুপস্থিত/অতিবাস করলে বিধি মোতাবেক তার বিরুদ্ধে অভিযোগ আনয়নপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

২৭/৬/০৯

(মোঃ সিদ্দিকুর রহমান)
সহকারী কারা মহা পরিদমদর্শক(প্রশাসন)
পক্ষে কারা মহা পরিদর্শক
ফোন-৭৩০০৪৬৬ (দপ্তর)।

স্মারক নং পিডি/সঃ-২/বিবিধ-১/২০০৯/৩৮১/১(৭) তারিখ- ২৭ -৬-২০০৯ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল ঃ

১। সহকারী কারা মহা পরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।

২। প্রশাসনিক কর্মকর্তা/বাজেট অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।

৩। গার্ড ফাইল।

২৭/৬/০৯

(মোঃ সিদ্দিকুর রহমান)
সহকারী কারা মহা পরিদমদর্শক(প্রশাসন)
পক্ষে কারা মহা পরিদর্শক।

Sa-2-79

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ।
স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রনালয় (স্বাস্থ্য বিভাগ)
জনস্বাস্থ্য শাখা ।

নং জনস্বাস্থ্য/১ সিউ-৪/৬৮/৩৪২ তাং ১০-৪-৭৫

ইশতেহার ।
========

বাংলাদেশ চাকুরী আইনের (প্রথম খন্ড) ১৯৬ ধারা মোতাবেক সরকারী কর্মচারীদেরকে সংগ নিরোধ (Quarantine Leave) ছুটি ভোগ করিবার বিধান আছে । যে যে রোগে এই ছুটি ভোগ করা যাইবে তাহা নিম্নে উল্লেখ করা গেল । জল বসন্ত রোগ সংক্রামক রোগ হইলেও সংগ নিরোধ ছুটি পাওয়া যাইবে না।

১ঃ গুটি বসন্ত (২) কলেরা (৩) প্লেগ (৪) টাইফয়েড জ্বর ও (৫) সেরিব্রস্পাইনাল মেনেন জাইটিস ।

স্বাক্ষর/- মোঃ এম, এ, নূর )
উপ সচিব,
স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রনালয়

নং ৮২৭(৪০) স্বঃমঃ(প্রঃ১) তাং ৫-৫-৭৫ ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হইল ঃ-

মহা কারা পরিদর্শক, বাংলাদেশ ।

স্বাক্ষর/- জি, মাওলা
শাখা প্রধান, স্বরাষ্ট্র মন্ত্রনালয় ।

এন্ডঃ নং ৫৮৭(৫৭) এম,ইটি-৩০/৭৫ তাং 3 - JUN 1975

অনুলিপি সমস্ত বিভাগের উপমহা কারা পরিদর্শক, সমস্ত জিলা ও মহকুমা কারাগারের তত্ত্বাবধায়ক ও বগুড়া বিশেষ কারাগারের তত্ত্বাবধায়কের অবগতির জন্য পাঠান হইল ।

( জ্যোতি আঃ চৌধুরী )
প্রশাসনিক অফিসার,
কারা পরিদপ্তর, ঢাকা ।

অফিস-।
=====

১৬১০
৭/৯/০৬

কা: ৪গ্ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং পিডি/সঃ২/ডব্লিও -ডি-৫/২০০৬/২১০(৬৬) তারিখঃ-(০৯)/৮/২০০৬ ইং ।

প্রেরকঃ- কারা মহা পরিদর্শক,
বাংলাদেশ, ঢাকা ।

প্রাপকঃ- ১। কারা উপ-মহা পরিদর্শক,
সকল বিভাগ, সকল সদর দপ্তর ।

২। সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার ।

বিষয়ঃ- প্রধান কারারক্ষী/কারারক্ষী/মহিলা কারারক্ষীদের ছুটিও বদলী কালীন সময়ে অসুস্হতা-জনিত কারনে যোগদান সংক্রান্ত নীতিমালা প্রসংগে ।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, প্রধান কারারক্ষী/কারারক্ষী/মহিলা কারারক্ষীগন ছুটিতে গিয়ে কিংবা বদলী জনিত কারনে নুতন কর্মস্হলে যোগদান কালীন সময়ে অসুস্হতার অজুহাতে দীর্ঘদিন অতিবাস করেন । তাছাড়া বিভিন্ন হাসপাতাল/বেসরকারী ক্লিনিক হতে বিশ্রামের সনদপত্র [illegible] নিয়ে কর্মস্হলে হাজির হন । তাদের অনুপস্হিত কালীন সময়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাদের অবস্হান সম্পর্কে জ্ঞাত না থাকার ফলে উদ্বিগ্ন থাকেন । ইহাতে প্রশাসন পরিচালনার ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হয় । এ ধরনের মনোবৃত্তি কারা প্রশাসন বা সুশৃংখল বাহিনীর সদস্যদের জন্য মোটেও কাম্য নয় ।

সুতরাং এ ধরনের মনোবৃত্তি পরিহার করে কারা প্রশাসনে গতিশীলতা আনয়নের লক্ষ্যে এতদসংক্রান্ত নিম্নোক্ত নীতিমালা প্রনয়ন করা হ'ল ।

১। কোন কর্মচারী ছুটিতে/বদলী হয়ে অন্যত্র যাবার উদ্দেশ্যে দৈবাতক্রমে অসুস্হ হয়ে পড়লে সেক্ষেত্রে তার নিকট বর্তী কারা হাসপাতালের সহকারী সার্জনের মাধ্যমে চিকিৎসা অথবা কারো অবস্হা শংকটাপন্ন হলে নিকটতম কারা কর্তৃপক্ষকে অবহিত করতে হবে ।

২। সংশ্লিষ্ট কারা কর্তৃপক্ষ তাৎক্ষনিকভাবে বিষয়টি উক্ত কর্মচারীর নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষকে এবং সংশ্লিষ্ট কারা উপ-মহা পরিদর্শক কে অবহিত করবেন ।

৩। আলোচ্য নীতিমালা অনুসরন করা হলে সংশ্লিষ্ট কর্মচারীকে চিকিৎসার ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতা করা হবে ।

০৯/৮/০৬

মোঃ সিরাজুল করিম
কর্ণেল
অতিঃ কারা মহা পরিদর্শক
পক্ষে- কারা মহা পরিদর্শক ।

খা, আমীন,
৩১/৮/২০০৬ইং ।
=============

..প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-১ ।

নং-অম/অবি(বাস্তু-১/ভাতা-১০/৯৮/১৭৪ তারিখ : ১-৯-৯৮খ্রিঃ ।

" অফিস স্মারক "

বিষয় : ছুটিতে থাকাকালীন সময়ে টিফিন ভাতা প্রাপ্যতা প্রসংগে ।

জাতীয় বেতন স্কেল, ১৯৯৭, মোতাবেক নন-গেজেটেড বেসামরিক কর্মচারীগণ, সশস্ত্র বাহিনীর তৃতীয় ও চতুর্থ শ্রেনীর কর্মচারীদের স্ব-শাসিত ও রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠান এবং ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের তৃতীয় ও চতুর্থ শ্রেনীর কর্মচারীগণ ১লা জুলাই, ১৯৯৭ হতে মাসিক ১০০/- একশত) টাকা হারে টিফিন ভাতা প্রাপ্য । তবে যে সব কর্মচারী তাদের প্রতিষ্ঠান হতে লাঞ্চ ভাতা অথবা বিনামূল্যে দুপুরের খাবার পান তাদের ক্ষেত্রে টিফিন ভাতা প্রযোজ্য নয় । এক্ষনে প্রশ্ন উত্থাপিত হয়েছে যে উল্লিখিত কর্মচারীগণ ছুটিতে থাকাকালীন সময়ে টিফিন ভাতা প্রাপ্য হবেন কিনা । সরকার বিষয়টি পর্যালোচনা করে সিদ্ধান্ত গ্রহন করেছেন যে সাপ্তাহিক ছুটির দিন, ঘোষিত ছুটির দিন এবং অনুমোদিত অন্যান্য ছুটিতে থাকাকালীন সময়ে টিফিন ভাতা পাওনা যোগ্য কর্মচারীগণ টিফিন ভাতা প্রাপ্য হবেন । তবে টিফিন ভাতা ভোগকারী কোন কর্মচারী অবসর প্রস্তুতি ছুটিতে গমন করলে অথবা তিনি অসাধারন ছুটিতে থাকলে উক্ত ভাতা পাবেনা ।

স্বাঃ-
(মোঃ আবদুল লতিফ মন্ডল)
যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন শাখা-১

নং-স্বঃমঃ(প্রশা-১)-ভাতা-২/৯৬/৩৪৮ তারিখ : ৪-৫-৯৯খ্রিঃ ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হইল ।

১। আই, জি, কারা ।

স্বাঃ-
(মোঃ কামাল উদ্দিন ভূঁঞা)
সিনিয়র সহকারী সচিব ।

কারা অধিদপ্তর, ঢাকা ।

স্মারক নং পিডি/৩ইটি-৩২/৯৯/২০২(৮৫) তারিখ : ২৬ মে/৯৯ । ১২ জ্যৈষ্ঠ/১৪০৬ ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হইল :-

১। কারা উপ মহা পরিদর্শক, সকল বিভাগ ।
২। সিনিয়র তত্ত্বাবধায়ক, সকল কেন্দ্রীয় কারাগার ।
৩। প্রকল্প পরিচালক, ঢাকা কেন্দ্রীয় কারাগার নির্মান ও ১৯ জেলা কারাগার নির্মান প্রকল্প ।
৪। তত্ত্বাবধায়ক, সকল জেলা কারাগার ।
৫। ভারপ্রাপ্ত সহকারী, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা ।
৬। গার্ড ফাইল ।

(মোঃ আজিজুল হক) ২৬/৫/৯৯
সহকারী কারা মহা পরিদর্শক ।
পক্ষে কারা মহা পরিদর্শক ।

16

~~গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার~~
সামরিক আইন প্রশাসকের সচিবালয়
সংস্থাপন বিভাগ
রেগুলেশন উইং
শাখা-৬।

নং ইডি(রেগ-৬)/ছুটি/১৪/৮১-২৪(৫০০)

তারিখ- ঢাকা, ৮ই এপ্রিল, ১৯৮২ ইং।

## ।। বিজ্ঞপ্তি ।।

বিষয়: নৈমিত্তিক ছুটি মঞ্জুরী সংক্রান্ত নির্দেশমালা।

উপরোল্লিখিত বিষয়ে পূর্ববর্তী সকল আদেশ বাতিলক্রমে সরকার নিম্নোক্ত আদেশ জারি করিতেছেন:-

১) নৈমিত্তিক ছুটি চাকুরী বিধিমালা স্বীকৃত ছুটি নয় এবং নৈমিত্তিক ছুটি জনিত অনুপস্থিতিকে কাজে অনুপস্থিতি হিসাবে গন্য করা হয় না। বাংলাদেশ চাকুরী বিধিমালার প্রথম খন্ডের ১৯৫ নং টীকা ১-এ উল্লিখিত শর্ত সাপেক্ষে এইরূপ ছুটি মঞ্জুর করা হয়। এই ধরনের ছুটিতে অনুপস্থিত কর্মকর্তার কর্তব্য পালনের জন্য কোন বদলীর (Substitute ) ব্যবস্থা করা হইবে না। তাই নৈমিত্তিক ছুটি ভোগকারী কর্মকর্তার অনুপস্থিতির কারনে যদি জনস্বার্থ ক্ষুন্ন হয় তাহা হইলে ছুটি প্রদানকারী ও ছুটি ভোগকারী কর্মকর্তা উভয়েই দায়ী থাকিবেন।

২) পঞ্জিকা বর্ষে সকল সরকারী বৎসরে সর্বমোট ১৫ দিন নৈমিত্তিক ছুটি ভোগ করিতে পারিবেন।

৩) কোন সরকারী কর্মচারীকে একসংগে ১০ দিনের বেশী নৈমিত্তিক ছুটি প্রদান করা যাইবেনা। তবে, অত্র বিভাগের ২৫-২-৮২ তারিখের বিজ্ঞপ্তি নং ইডি(রেগ-৬)/ছুটি-১৩/৮০-১৪ মোতাবেক পার্বত্য চট্টগ্রাম ও বান্দরবন জেলায় কর্মরত সকল সরকারী কর্মচারীকে এক বৎসরে মঞ্জুরযোগ্য ১৫ দিনের নৈমিত্তিক ছুটি একই সংগে ভোগ করিতে দেওয়া যাইতে পারে।

৪) কোন কর্মকর্তা আবেদন জানাইলে সর্বোচ্চ ৩ দিনের নৈমিত্তিক ছুটি একবার বা একাধিকবার রবিবার অথবা অন্য কোন সরকারী ছুটির দিনের পূর্বে অথবা পরে সংযুক্ত করার অনুমতি প্রদান করা যাইতে পারে। যে ক্ষেত্রে এই ধরনের আবেদন করা হইবে না, বা অনুমতি দেওয়া হইবে না, সেই সকল ক্ষেত্রে রবিবার বা সরকারী ছুটির দিনগুলিও নৈমিত্তিক ছুটি হিসাবে গন্য করা হইবে।

৫) নৈমিত্তিক ছুটির উভয় দিকে সরকারী ছুটি সংযুক্ত করা যাইবে না।

৬) কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে নৈমিত্তিক ছুটি ভোগকারী কোন ব্যক্তি সদরদপ্তর ত্যাগ করিতে পারিবেন না।

৭) নৈমিত্তিক ছুটিতে থাকাকালে কোন ব্যক্তিকে সদরদপ্তর হইতে এমন দূরত্বে যাইতে অনুমতি দেওয়া যাইবেনা, যেখান হইতে সদরদপ্তরে কাজে যোগদানের আদেশ পাওয়ার পর কাজে যোগদান করিতে ৪৮ ঘন্টার অধিক সময় লাগিতে পারে।

৮) নিয়মিত ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষ অথবা অধঃস্তন ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ নৈমিত্তিক ছুটি এবং তৎসংগে সদরদপ্তর ত্যাগের অনুমতি প্রদান করিতে পারিবেন। গুরুতর অসুস্থতা, বিশেষ করিয়া সংক্রামক ব্যধির (যেমন গুটি বসন্ত) ক্ষেত্রে কাজে যোগদানের নির্দেশপ্রাপ্তির সংগে সংগেই কাজে যোগদান সম্ভব নয় বিধায় এই সকল ক্ষেত্রে নৈমিত্তিক ছুটি মঞ্জুর করার প্রশ্ন উঠে না। তবে ব্যক্তিগত অসুবিধা, সামান্য অসুস্থতা (যেমন, সাধারন জ্বর) ইত্যাদি কারনে নৈমিত্তিক ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

৯) নৈমিত্তিক ছুটিতে থাকাকালীন কেহ বিদেশে গমন করিতে পারিবেনা।

১০) সরকারী কাজে অথবা প্রশিক্ষণার্থে বাংলাদেশের বাহিরে অবস্থানরত কর্মকর্তাদিগকে নৈমিত্তিক ছুটি প্রদান সরকার নিরুৎসাহিত করেন। তবে কেবল বিশেষ পরিস্থিতিতে অত্র বিজ্ঞপ্তির বর্নিত শর্তসাপেক্ষে নৈমিত্তিক ছুটি প্রদান করা যাইবে।

২। এই বিজ্ঞপ্তিতে প্রদত্ত নির্দেশমালা সকল সরকারী কর্মকর্তা/কর্মচারীদিগকে গোচরীভূত করিবার জন্য অনুরোধ জানানো হইল।

স্বাক্ষর/-(এ,এ, খান)
উপ-সচিব, ফোন: ৪০৯১২১।

স্মারক সংখ্যা-স্বাস্থ্য/শাখা-৫/৮২/৪৮৬৭(২২৫)

তারিখ, ২২শে এপ্রিল, ১৯৮২ ইং সন।

অনুলিপি অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হইল:-

১-১৫। ... ... ...

১৬। সিভিল সার্জন, রাজশাহী।

১৭-২৬। ... ... ...

স্বাক্ষরিত/- মহা পরিচালকের পক্ষে
স্বাস্থ্য অধিদপ্তর, বাংলাদেশ সরকার, ঢাকা।

স্মারকলিপি নং- সি,এস/ রাজ/ ৮২/ ২৬62/88

তারিখ 6/5/ ,১৯৮২ ইং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হইল:-

১। জুনিয়ার কনসালটেন্ট, আধুনিকৃত মহকুমা হাসপাতাল, নওগাঁ, রাজশাহী।
২-৫। ডেপুটি সিভিল সার্জন, সদর, রাজশাহী/নওগাঁ/নাটোর/নবাবগঞ্জ, রাজশাহী।
৬-৭। মহকুমা চিকিৎসা অধিকারিক, মহকুমা হাসপাতাল, নাটোর/নবাবগঞ্জ, রাজশাহী।
৮। মেডিক্যাল অফিসার, টি, বি, কন্টেইন সেন্টার, সদর, রাজশাহী।
৯-১০। মেডিক্যাল অফিসার, টি, বি, ক্লিনিক, নাটোর/নবাবগঞ্জ, রাজশাহী।
১১। মেডিক্যাল অফিসার, স্কুল হেলথ ক্লিনিক, রাজশাহী।
১২। মেডিক্যাল অফিসার, লেপ্রোসি মোবাইল ইউনিট, রাজশাহী।
১৩। মেডিক্যাল অফিসার, বিসিজি, টিম নং- ১৩, রাজশাহী।
১৪। মেডিক্যাল অফিসার, সারদা পুলিশ এ্যাকাডেমী, রাজশাহী।
১৫-১৬। মেডিক্যাল অফিসার, পুলিশ হাসপাতাল, রাজশাহী/জেল হাসপাতাল, রাজশাহী।
১৭। জেলা স্বাস্থ্য শিক্ষা অফিসার, রাজশাহী।
১৮-৪০। থানা স্বাস্থ্য ও পঃ পঃ প্রশাসক, ____________, রাজশাহী।
স নথি।

(মো. এম. মুমিন)
সিভিল সার্জন, রাজশাহী। 6/5

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশী বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র সংখ্যা-৪৪.০৭.০০০০.০২৪.০৩.০০৪.২০১৪- ৫৯৩ (৭)

তারিখ ঃ ৫ কার্তিক ১৪২১ বাঃ
২০ অক্টোবর ২০১৪ খ্রিঃ

বিষয় ঃ **কারাগারে কর্মরত প্রধান কারারক্ষি/কারারক্ষি/মহিলা কারারক্ষিদের নৈমিত্তিক ছুটি প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অবহিত করা যাচ্ছে যে, কারা বিভাগে কর্মরত প্রধান কারারক্ষি/কারারক্ষি/মহিলা কারারক্ষিদের নৈমিত্তিক ছুটি প্রদানের ক্ষেত্রে প্রজাতন্ত্রের অন্যান্য কর্মকর্তা/কর্মচারিদের ন্যায় সাপ্তাহিক/সরকারি ছুটি ভোগ করতে পারে সে বিষয়টি বিবেচনা করার জন্য আপনার বিভাগস্থ কারাগারসমূহকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।

২০/১০/১৪
টিপু সুলতান
কারা উপ-মহাপরিদর্শক (সঃ দঃ)
পক্ষে-কারা মহাপরিদর্শক

**বিভাগীয় দপ্তর**

পত্র নং-৪৪.০৭.২৬০০.০৬১.০৩.০০১.১৪- ১৩৪৮(২১)/ তারিখঃ ২৬ /১০/২০১৪ খ্রিষ্টাব্দ।

অনুলিপি অবগতি ও পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক, নরসিংদী কেন্দ্রীয়/জেলা কারাগার বরাবর প্রেরণ করা হলো।

২৬/১০/১৪
কারা উপ মহাপরিদর্শক
ঢাকা বিভাগ, ঢাকা।

পত্র নং-৪৪.০৭.২৬০০.০৬১.০৩.০০১.১৪- ১৩৪৮(২১)/২ তারিখঃ ২৬ /১০/ ২০১৪ খ্রিষ্টাব্দ।

অনুলিপি সদয় অবগতির জন্য কারা মহা পরিদর্শক বাংলাদেশ, ঢাকা বরাবর প্রেরণ করা হলো।

২৬/১০/১৪
কারা উপ মহাপরিদর্শক
ঢাকা বিভাগ, ঢাকা।

সচিব মহোদয়ের দপ্তর
ডাইরী নং....৬৭০....
তাং.....২৯/০১/১১....

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-৫

কারা মহাপরিদর্শক, ঢাকা

স্মারক নং- ০৭.১৭৫.০০৮.০৮.০০.০০১.২০০০- ০৫(৫০০০) তারিখ: ১১/০১/২০১১ খ্রিস্টাব্দ / ২৮/০৯/১৪১৭ বঙ্গাব্দ।

বিষয়ঃ মাতৃত্বকালীন ছুটির মেয়াদ পূর্ণ বেতনে ৪ (চার) মাস হতে ৬ (ছয়) মাসে উন্নীতকরণ।

উপর্যুক্ত বিষয়ে ০৯/০১/২০১১ খ্রিঃ তারিখের এস.আর.ও নং-০৫/নথি নং- ০৭.১৭৫.০০৮.০৮.০০.০০১.২০০০/আইন/২০১১।- গেজেট নোটিফিকেশনের....৩০ (ত্রিশ)....কপি এসাথে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

স্বম- অতিঃ সচিব এর দপ্তর
যুস (প্রঃ/আইন ও পরিঃ/বহিঃ ও নিরা)
উস/উপ-প্রধান ( )
ডাইরী নং ৩৫ তারিখ

(মাহবুবা আক্তার) ১১/০১/১১
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৬৭০৬১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন শাখা-১

নং-স্বঃমঃ(প্রশা-১)-বিবিধ-৩/২০০৯- ১০৪/১(৮) তারিখঃ ২৬/০১/২০১১

উপরে বর্ণিত স্মারকের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

২৬.১.২০১১
(সাঈদ মাহমুদ বেলাল হায়দর)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬৮২৩৪

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
২। মহা-পরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৩। মহা-পরিচালক, আনসার ও ভিডিপি অধিদপ্তর, ঢাকা।
৪। মহা-পরিচালক, বাংলাদেশ কোস্টগার্ড, ঢাকা।
৫। মহা-পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৬। মহা-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
৭। কারা মহা-পরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
৮। মহা-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

কারা অধিদপ্তর, ঢাকা

স্মারক নং-পিডি/ওইটি-২৮/২০১০/ ৬২ (৩০) তারিখঃ ৭-০২-২০১১খ্রিঃ

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-স্বঃমঃ (প্রশা-১)-বিবিধ-৩/২০০৯-১০৪/১(৮) তারিখঃ ২৬-০১-২০১১ এর অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'লঃ

১। কারা উপ-মহা পরিদর্শক (সঃ দঃ), কারা অধিদপ্তর ,ঢাকা।
২। কারা উপ-মহা পরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্ত অধীনস্থ কারাগার সমূহের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হল।
৩। সহকারী কারা মহা পরিদর্শক,সকল ,কারা অধিদপ্তর,ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, সকল, কারা অধিদপ্তর, ঢাকা।
৫। প্রশাসনিক কর্মকর্তা/বাজেট অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর,ঢাকা।
৬। ভারপ্রাপ্ত সহকারী, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।

৭/২/১১
(মোঃ সিদ্দিকুর রহমান)
সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)
পক্ষে- কারা মহা পরিদর্শক।
prison_dte@yahoo.com

বিভাগীয় দপ্তর, ঢাকা।

স্মারক নং-সার্কুলার-১/২০১১/ ৩৪০ তারিখঃ-০৮/০২/২০১১খ্রিঃ।

অনুলিপি অবগতি ও পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সিনিয়র তত্ত্বাবধায়ক/ তত্ত্বাবধায়ক কেন্দ্রীয়/~~জেলা~~ কারাগার বরাবর প্রেরন করা হ'ল।

(মোঃ গোলাম হায়দার)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অনুবিভাগ
রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অধিশাখা-৩
www.mof.gov.bd

নং-০৭.১২৮.০০০.৩৬.০০.০২৬.২০১০- ৪৪

তারিখঃ ১৭-০৪-২০১১ খ্রিঃ

অফিস স্মারক

বিষয়ঃ মাতৃত্বকালীন ছুটির মেয়াদ পূর্ণ বেতনে ৪ মাস হতে ৬ মাসে উন্নীতকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সরকার অর্থ বিভাগের ০৯-০১-২০১১ তারিখের এস. আর. ও. নং- ০৫/নথি নং ০৭.১৭৫.০০৮.০৮.০০.০০১.২০০০/আইন/২০১১ এর মাধ্যমে Bangladesh Service Rule (Part-1) এর rule 197 এর Sub-rule (1) সংশোধনক্রমে মহিলা কর্মকর্তা-কর্মচারীদের মাতৃত্বকালীন ছুটির মেয়াদ পূর্ণ বেতনের ৪ মাস হতে ৬ মাসে উন্নীত করেছে। পরবর্তীতে অর্থ বিভাগের ১৮-০১-২০১১ তারিখের ০৭.১৭৫. ০০৮. ০৮.০০.০০১.২০০০-১২(২০০) নং স্মারকের মাধ্যমে এই মর্মে ব্যাখ্যা প্রদান করা হয়েছে যে, যারা এই প্রজ্ঞাপন জারীর পূর্ব থেকেই পূর্ববর্তী বিধান অনুযায়ী মাতৃত্বকালীন ছুটি ভোগরত আছেন, তাদের ক্ষেত্রে ৬ (ছয়) মাস মাতৃত্বকালীন ছুটির সুবিধা প্রযোজ্য হবে না।

০২। এমতাবস্থায়, যে সকল দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীর চাকুরী Bangladesh Service Rules এর আওতাভূক্ত নয়, সে সকল দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের মহিলা কর্মকর্তা-কর্মচারীদের জন্য অনুচ্ছেদ-১ এ বর্ণিত সুবিধাদি আপনা-আপনি (automatically) প্রযোজ্য হবে না। তবে তাদের ক্ষেত্রে স্ব স্ব বিধানাবলীর আওতায় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উক্ত মাতৃত্বকালীন ছুটির সুবিধাদি কার্যকর করা যেতে পারে।

(জাকিয়া সুলতানা)
উপ-সচিব
ফোনঃ ৭১৭৩০৫৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন শাখা-১

নং-স্বঃমঃ(প্রশা-১)-বিবিধ-৩/২০০৯-৪৮৬

তারিখঃ ২৮/০৪/২০১১

উপরে বর্ণিত স্মারকের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

২৮.৪.২০১১
(সাঈদ মাহমুদ বেলাল হায়দর)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬৮২৩৪

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। কারা মহা পরিদর্শক (সংশ্লিষ্ট অধিদপ্তর/দপ্তর প্রধান)।
২। সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

ENDORSE A2

P.T.O

## কারা অধিদপ্তর, ঢাকা

স্মারক নং-পিডি/ওইটি-২৮/২০১১/ ২৪০ (২১) তারিখঃ ৫-৫-২০১১খ্রিঃ

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং- স্বঃমঃ(প্রশা-১)-বিবিধ -৩/২০০৯-৪৮৩ তারিখঃ ২৮-৪-২০১১ এর অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'লঃ

১। কারা উপ-মহা পরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্ত অধীনস্থ কারাগার সমূহকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হল।
২। কারা উপ-মহা পরিদর্শক (সদর দপ্তর), কারা অধিদপ্তর, ঢাকা।
৩। সহকারী কারা মহা পরিদর্শক, সকল, কারা অধিদপ্তর, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, সকল, কারা অধিদপ্তর, ঢাকা।
৫। প্রশাসনিক কর্মকর্তা/বাজেট অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর,ঢাকা।
৬। ভারপ্রাপ্ত সহকারী, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।

৫/০৫/২০১১

(এ.কে.এম জহির উদ্দিন বাবর)
সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)
পক্ষে- কারা মহা পরিদর্শক।
prison_dte@yahoo.com

---

## ঢাকা বিভাগীয় দপ্তর

স্মারক নং-সার্কুলার-১/২০১১/ ২৬৮৮ (২০) তারিখঃ-১৮/০৫/২০১১ইং।

অনুলিপি অবগতি ও পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক, কেন্দ্রীয়/জেলা কারাগার বরাবরে প্রেরণ করা হ'ল।

নারায়নগঞ্জ

(মোঃ গোলাম হায়দার)
কারা উপ মহা পরিদর্শক
ঢাকা বিভাগ, ঢাকা।

স্মারক নং-সার্কুলার-১/২০১১/ ২৬৮৮ তারিখঃ-১৮/০৫/২০১১ ইং।

অনুলিপি সদয় অবগতির জন্য কারা মহা পরিদর্শক, বাংলাদেশ ঢাকা বরাবর প্রেরণ করা হ'ল। এ প্রসংগে কারা অধিদপ্তরের স্মারক নং-পিডি/ওইটি-২৮/২০১১/২৪০ (২১) তারিখ ঃ ০৫/০৫/২০১১ ইং উল্লেখ্য।

(মোঃ গোলাম হায়দার)
কারা উপ মহা পরিদর্শক
ঢাকা বিভাগ, ঢাকা।

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রনালয়,
বিধি ৪ শাখা ।

নং-স ম( বিধি-৪/ ছুটি-২০/ ৯৭/ ৯১ তারিখ ঃ ২৯-৫-৯৭ ইং ।

" বিজ্ঞপ্তি "

সরকার সিদ্ধান্ত গ্রহন করিয়াছেন যে, আগামী ৩১ শে মে, ১৯৯৭/১৭ . জ্যৈষ্ঠ,, ১৪০৪ তারিখ হইতে শুক্রবারের ১(এক)দিন সাপ্তাহিক ছুটির পরিবর্তে শুক্রবার ও শনিবার ২(দুই) দিন সাপ্তাহিক ছুটি হিসাবে পালিত হইবে ।

২। এই পরিবর্তিত অবস্থায় একই তারিখ হইতে সচিবালয় ও অধীনস্থ অফিস সমূহ সহ বিভাগীয়, জেলা ও থানা পর্যায়ের সকল, সরকারী/আধা সরকারী/ও স্বায়ত্বশাসিত /আধা-স্বায়ত্বশাসিত অফিসের জন্য বেলা ১-০০ মিঃ হইতে ১-৩০ মিঃ পর্যন্ত নামাজ ও মধ্যাহ্ন ভোজের বিরতিসহ সকাল ৯-০০ মিঃ হইতে বিকাল ৫-০০ মিঃ পর্যন্ত সময়সূচী প্রবর্তন করা হইল ।

৩। ১৯৬৫ সনের ফ্যাক্টরী আইন এবং ১৯৬৫ সনের দোকান ও প্রতিষ্ঠান আইনের আওতাধীন প্রতিষ্ঠা সমূহের ক্ষেত্রে উপরোক্ত সময়সূচী প্রযোজ্য হইবে না । উক্ত প্রতিষ্ঠান-সমূহ তাহাদের সময়সূচী নিজেরাই নির্ধারন করিবে ।

৪। ব্যাংক সমূহের জন্য বাংলাদেশ ব্যাংক সরকারী অফিসের সময়সূচীর সহিত সংগতি রাখিয়া নিজস্ব সময়সূচী নির্ধারন করিবে ।

৫। সুপ্রীম কোর্ট এবং উহার আওতাধীন সকল কোর্টের সময়সূচী 'সুপ্রীম' কোর্ট নিজস্ব বিধি অনুযায়ী নির্ধারন করিবে ।

সাঃ /
(মোঃ মাহে আলম )
সচিব ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রনালয়
প্রশাসন শাখা-১ ।

নং-বিবিধ-৪/৯৪-স্বঃমঃ(প্রঃ-১) /৩৯৫ তারিখ ঃ ০৫-০৬-৯৭ ইং ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হইল ঃ-

১। অধিদপ্তর/দপ্তর প্রধান কারা মহা পরিদর্শক, বাংলাদেশ, ঢাকা। ঢাকা ।

স্বাঃ /
( মোহাম্মদ আজীজ উল্লাহ ফারুক )
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৮৬ ৮২ ৩৪ ।

অঃ প্রঃ দ্রঃ - ২ ।

৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশী বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র সংখ্যা-৪৪.০৭.০০০০.০২৪.০৩.০০৪.২০১৪- ৫৮১(৭৮)

তারিখ ঃ ২৭ আশ্বিন ১৪২১ বাঃ / ১২ অক্টোবর ২০১৪ খ্রিঃ

বিষয় ঃ **কারা বিভাগে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ভাতাসহ শ্রান্তিবিনোদন ছুটি মঞ্জুর প্রসংগে।**

১। লক্ষ্য করা যাচ্ছে যে, কারাগারে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের শ্রান্তিবিনোদন ছুটি প্রদানের ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ পরিপত্র অনুসরণ করা হচ্ছে না। বিধি মোতাবেক ছুটির প্রাপ্যতা সাপেক্ষে আবেদনকারির আবেদনের তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছরের হিসাব গননা করতে হবে।

২। এখন হতে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ পরিপত্র অনুসরণ করতঃ কর্মকর্তা/কর্মচারীদের শ্রান্তি বিনোদন ছুটি প্রাপ্যতার তারিখ অর্থাৎ আবেদনের তারিখ হতে শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

টিপু সুলতান
কারা উপ-মহাপরিদর্শক (সঃ দঃ)
পক্ষে-কারা মহাপরিদর্শক

১। কারা উপ-মহাপরিদর্শক
সকল বিভাগ,সকল সদর দপ্তর।

২। সিনিয়র জেল সুপার
সকল কেন্দ্রিয় কারাগার।

৩। জেল সুপার
সকল জেলা কারাগার।

৪। ভারপ্রাপ্ত সহকারি
সংস্থাপন শাখা-১/আইন/প্রশাসন শাখা
কারা অধিদপ্তর,ঢাকা।

Ab-51(s)

৩৩৩৮ ৫/১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

স্মারক নং পিডি/সঃ-২/জেআর-৪/২০০৯/ ৮৭৮(৭০)                তারিখ- ২৫ -১১-২০০৯ খ্রিঃ

প্রেরক ঃ কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।

প্রাপক ঃ ১। কারা উপ মহা পরিদর্শক
সকল বিভাগ, সকল সদর দপ্তর।
২। সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

বিষয় ঃ **চিত্তবিনোদন ছুটি প্রাপ্যতার পূর্বেই পুনরায় ছুটির আবেদন করণ প্রসংগে।**

১। লক্ষ্য করা যাচ্ছে যে, কারাগার সমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ তাদের চিত্তবিনোদন ছুটি প্রাপ্যতার পূর্বেই ছুটির আবেদন করছেন এবং সংশ্লিষ্ট কারা তত্ত্বাবধায়ক তা যাচাই না করে ছুটি মঞ্জুরীর জন্য কারা অধিদপ্তরে প্রেরণ করে থাকেন। যা বিধি সম্মত নয়। এ ধরণের অসংগতি কোন ক্রমেই গ্রহণ যোগ্য নয় কেননা চিত্তবিনোদন ছুটির সহিত অর্থনৈতিক বিষয়টি জড়িত। বিধি মোতাবেক কোন কর্মকর্তা/কর্মচারী ইতোপূর্বে যে তারিখে চিত্তবিনোদন ছুটির আবেদন করেছেন সে তারিখ হতে পরবর্তী ০৩ বৎসর পূর্তির পর পরবর্তী চিত্তবিনোদন ছুটি প্রাপ্য হবেন। সে হিসাব মতে চিত্তবিনোদন ছুটির আবেদন করার জন্য সকলকে নির্দেশ দিতে অনুরোধ করা হ'ল।

২। উল্লেখ্য, আবেদনকারী ইতোপূর্বে কোন তারিখে আবেদন করেছেন এবং কোন তারিখ হতে তাকে চিত্তবিনোদন ছুটি মঞ্জুর করা হয়েছে তা ছুটির অগ্রগামী পত্রে উল্লেখ করতে হবে।

সৈয়দ ইফতেখার উদ্দীন
কর্ণেল
অতিরিক্ত কারা মহা পরিদর্শক
পক্ষে কারা মহা পরিদর্শক
ফোন-৭৩০০২২২ (দপ্তর)।

DT-68

(৩৫)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা ।

স্মারক নং পিডি/ইটি-৩/৮/৩৯৭ (৮৪)

তারিখ ঃ ২৬ এপ্রিল'৯৮ইং ।
১৩ চৈত্র'১৪০৪ ।

প্রেরক ঃ ব্রিগেডিয়ার মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
কারা মহা পরিদর্শক ।

প্রাপক ঃ ১। কারা উপমহা পরিদর্শক,
সকল বিভাগ ।

২। সিনিয়র তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয় কারাগার ।

৩। তত্ত্বাবধায়ক
সকল জেলা কারাগার ।

বিষয় ঃ চিত্তবিনোদন ছুটি যথা সময়ে মঞ্জুর/ভোগ করা প্রসংগে ।

ইদানিং লক্ষ্য করা যাইতেছে যে, অনেক কারা কর্মকর্তা/কর্মচারী তাহাদের চিত্তবিনোদন ছুটি পাওনা হওয়ার পর যথা সময়ে উহা ভোগ না করিয়া একাধিক বারের পাওনাকৃত চিত্তবিনোদন ছুটি স্বল্প সময়ের ব্যবধানে ভোগ করার জন্য পর পর আবেদন করিতে থাকেন । বিধি অনুযায়ী চিত্ত বিনোদন ছুটির প্রথম আবেদনের তারিখ হইতে ৩(তিন) বছর পর পর উক্ত ছুটি পাওনা হয় । যে বৎসর চিত্ত বিনোদন ছুটি পাওনা হয় সেই বৎসরে উক্ত ছুটি ভোগ না করায় একদিকে যেমন বাজেট বরাদ্দের ক্ষেত্রে অহেতুক সমস্যার সৃষ্টি হয় অন্যদিকে তেমনি কে কতবার চিত্তবিনোদন ছুটি ভোগ করিয়াছে সঠিক হিসাব রাখাও দুষ্কর হইয়া পড়ে । ফলশ্রুতিতে অসৎ কর্মকর্তা/কর্মচারী কর্তৃক পাওনা ছুটির অতিরিক্ত চিত্তবিনোদন ছুটি ভোগ করারও সম্ভাবনা থাকে যাহা কাহারও কাম্য নহে ।

অতএব, উপরোক্ত অবস্থার প্রেক্ষাপটে কারা কর্মকর্তা/কর্মচারীদের চিত্তবিনোদন ছুটির প্রথম আবেদনের তারিখ হইতে ৩(তিন) বৎসর পর পর বিধি অনুযায়ী যথা সময়ে পাওনাকৃত চিত্তবিনোদন ছুটি মঞ্জুরের জন্য কারা অধিদপ্তরে (যাহাদের নিয়োগকর্তা কারা মহা পরিদর্শক) প্রেরণ এবং যে বৎসরে চিত্তবিনোদন ছুটি পাওনা হইবে সেই বৎসরে উক্ত ছুটি মঞ্জুরী সাপেক্ষে ভোগ নিশ্চিৎ করার জন্য আপনাকে অনুরোধ করা যাইতেছে । উল্লেখ্য, গ্রহনযোগ্য কোন বিশেষ কারণ ব্যতীত এক অর্থ বৎসরে পাওনাকৃত চিত্তবিনোদন ছুটি অন্য অর্থ বৎসরে মঞ্জুর করা হইবে না ।

উপরোক্ত সিদ্ধান্তের অধীনস্থ সকল কারা কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করতঃ স্মারকটির প্রাপ্তি স্বীকার করার জন্য আপনাকে অনুরোধ করা যাইতেছে ।

(স্বাক্ষরিত) ২০/৪/৯৮

মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
ব্রিগেডিয়ার
কারা মহা পরিদর্শক ।
ফোন ঃ ৯৫ ৬৫ ৭৮ ৩ (দপ্তর) ।

অঃ পৃঃ দ্রঃ

25

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ।
স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রনালয় (স্বাস্থ্য বিভাগ)
জনস্বাস্থ্য শাখা ।

নং জনস্বাস্থ্য/১ কিউ-৪/৬৮/৩৪২ তাং ১০-৪-৭৫

ইশতেহার ।
=========

বাংলাদেশ চাকুরী আইনের (প্রথম খন্ড) ১৯৬ ধারা মোতাবেক সরকারী কর্মচারীদেরকে সংগ নিরোধ (Quarentine Leave) ছুটি ভোগ করিবার বিধান আছে । যে যে রোগে এই ছুটি ভোগ করা যাইবে তাহা নিম্নে উল্লেখ করা গেল । অন্য বসন্ত রোগ সংক্রামক রোগ হইলেও সংগ নিরোধ ছুটি পাওয়া যাইবে না।

১ঃ গুটি বসন্ত (২) কলেরা (৩) প্লেগ (৪) টাইফয়েড জ্বর ও (৫) সেরিব্রোস্পাইনাল মেনেন জাইটিস ।

স্বাক্ষর/- মোঃ এম, এ, নূর )
উপ সচিব,
স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রনালয়

নং ৮২৭(৪০) স্বঃ মঃ (প্রঃ ১) তাং ৫-৫-৭৫ ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হইল ঃ-

মহা কারা পরিদর্শক, বাংলাদেশ ।

স্বাক্ষর/- জি, মাওলা
শাখা প্রধান, স্বরাষ্ট্র মন্ত্রনালয় ।

এস্মিক নং ৫৮৭(৫৭) এম, ইটি-৩০/৭৫ তাং 3 - JUN 1975

অনুলিপি সমস্ত বিভাগের উপমহা কারা পরিদর্শক, সমস্ত জিলা ও মহকুমা কারাগারের তত্ত্বাবধায়ক ও বড় রা বিশেষ কারাগারের তত্ত্বাবধায়কের অবগতির জন্য পাঠান হইল ।

( ফয়েজ আঃ চৌধুরী )
প্রশাসনিক অফিসার,
কারা পরিদপ্তর, ঢাকা ।

শফিক-।
=====

২৯/৫/৭৫